তারিখ 10 SEP 1990
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক বাংলা

২৫

26

# ভার্সিটি কলেজের মানোন্নয়ন

দেশের চারটি বিভাগের পাঁচটি বিশ্ববিদ্যালয় কলেজকে আপগ্রেড ও শক্তিশালী করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রেসিডেন্ট এরশাদের সভাপতিত্বে ভাইস চ্যান্সেলরদের মাসিক বৈঠকে বর্তমান বিশ্ববিদ্যালয়গুলি থেকে চাপ কমানো এবং পোস্ট-গ্র্যাজুয়েট শিক্ষার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে এ সিদ্ধান্ত গৃহীত হয়।

দেশে উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রতিষ্ঠান ও সীটের স্বল্পতাজনিত কারণে যে সমস্যা সৃষ্টি হয়েছে তা হ্রাস করার জন্য আপাতত এ রকম একটা পদক্ষেপ গ্রহণ করাই যুক্তিসঙ্গত। আমরা এই সিদ্ধান্তকে স্বাগত জানাই। আমাদের দেশের শিক্ষাঙ্গনে ভর্তি সমস্যা সর্বজনীন-অর্থাৎ শুরু থেকে শেষ পর্যন্ত। প্রাথমিক শিক্ষাঙ্গনে, স্কুলে, কলেজে এবং বিশ্ববিদ্যালয়ে সর্বত্র সমস্যা আছে। তবে শিক্ষার ধাপ যত এগোয় শিক্ষার সুযোগ তত সংকুচিত হয়। এই প্রক্রিয়ায় উচ্চশিক্ষার সুযোগ একেবারেই সীমিত। হাতে গোনা কয়েকটি বিশ্ববিদ্যালয় এবং ভার্সিটি কলেজে স্নাতকোত্তর লেখাপড়ার সুযোগ রয়েছে। রাতারাতি একাধিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার মত সঙ্গতি আমাদের না থাকবারই কথা। এ ক্ষেত্রে অর্থনৈতিক সীমাবদ্ধতার প্রশ্ন তো আছেই; অন্যান্য অসুবিধাও আছে। যোগ্য শিক্ষক, লাইব্রেরী এবং অন্যান্য সরঞ্জাম ও আয়োজন যোগাড় করা খুব সহজ বিষয় নয়। অতএব যে প্রতিষ্ঠানে কিছু আয়োজন আছে তাকে উন্নততর করে উচ্চশিক্ষার উপযোগী করে তোলার উদ্যোগ বাস্তবতাসম্মত।

তবে এই কার্যক্রমে শিক্ষার মানের প্রসঙ্গটা বিশেষভাবে মনে রাখা প্রয়োজন। বিগত দুই দশকে আমাদের উচ্চশিক্ষার অবস্থা আমাদের এ সম্পর্কে প্রশ্ন তোলার অবকাশ দিয়েছে। এই সময়ে শিক্ষার মান আমরা খুব উঁচুতে ধরে রাখতে পারিনি। বিশ্ববিদ্যালয়গুলিতেই শিক্ষা সেভাবে হয়নি। মান পড়ে গেছে এমন অভিযোগ উঠেছে। বিশ্ববিদ্যালয় কলেজ সম্পর্কেও কিছু অভিযোগ রয়েছে। যেমন, শিক্ষকের অভাব, লাইব্রেরীতে বইপত্রের অভাব ইত্যাদি। অনেক কলেজেই স্নাতক বা স্নাতকোত্তর বিজ্ঞান পড়ার সুযোগ নেই। ল্যাবরেটরী নেই। উচ্চশিক্ষার মান বজায় রাখতে হলে কিছু আয়োজন জরুরী। বিশ্ববিদ্যালয়েই হোক অথবা বিশ্ববিদ্যালয় কলেজেই হোক, উচ্চশিক্ষার পরিবেশ এবং আয়োজন না থাকলে উচ্চশিক্ষার লক্ষ্য ভন্ডুল হবার আশংকা থাকতে পারে।

আমরা আশা করব এইসব অসুবিধা মোকাবিলার প্রস্তুতি নিয়েই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এক্ষেত্রে অগ্রসর হবেন। বর্তমান পরিস্থিতিতে এটাই বাস্তবোচিত পদক্ষেপ এতে সন্দেহের কোন অবকাশ নেই। পরিকল্পিতভাবে এ সিদ্ধান্তকে কার্যকর করা হলে উচ্চশিক্ষা পরিস্থিতির অবশ্যই উন্নতি হবে।